

## ১৫তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারির ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

২০ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ মে ২০১৯ ২৩:৩৪



দৈনিক আমাদের সময়  
**আমাদের সময়**

১৫তম শিক্ষক নিবন্ধন প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল এনটিআরসির ওয়েবসাইটে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নাম এই ফল প্রকাশ করা হয়। এতে উত্তীর্ণ হয়েছেন ১ লাখ ৫২ হাজার পরীক্ষার্থী। মোট ৮ লাখ ৭৬ হাজার ৩৩ জনের মধ্যে ৮০ শতাংশ পরীক্ষার্থীই অকৃতকার্য হয়েছেন। পাসের হার ২০ দশমিক ৫৩ শতাংশ। প্রিলিমিনারিতে উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে স্কুলপর্যায়ের ৫৫ হাজার ৫৯৬ জন, স্কুল পর্যায়-২ এর ৪ হাজার ১২৯ এবং কলেজ পর্যায়ের ৯২ হাজার ২৭৫ জন প্রার্থী রয়েছেন। গত বছর ২৮ নভেম্বর ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে এনটিআরসি। প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয় গত ১৯ এপ্রিল। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আগামী ২৬ ও ২৭ জুলাই দ্বিতীয় ধাপের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শেষ ধাপে মৌখিক পরীক্ষায় অংশ নিতে হবে। শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফল অনলাইন ও এসএমএসের মাধ্যমে জানা যাচ্ছে। অনলাইনে পরীক্ষার ফল যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ওয়েবসাইট থেকে জানা যাবে। এ ছাড়া উত্তীর্ণ প্রার্থীদের মোবাইলে এসএমএস পাঠিয়ে ফল জানানো হয়েছে।